No. of Printed Pages—3

552 (BN)

[18–HRGPKAC–BPP–OY(O)]

BPP One Year (Old) Exam., 2018

(MIL) BENGALI

Full Marks : 50

Time : 2 hours

The figures in the margin indicate full marks for the questions

1. নিম্নলিখিত প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনো **চারটি**) : 1×4=4

(a) 'খুল্লনার বারমাস্যা' কবিতাটি কোন্ কাব্য থেকে নেওয়া হয়েছে ?

(b) 'হড়িহোড়ের বৃত্তান্ত' কবিতাটিতে উল্লেখিত হড়িহোড়ের পিতার নাম কি ছিল ?

(c) 'ফাঁকি' কবিতার বিনুর কত বয়সে রোগ ধরে ?

(d) কবি কামিনী রায়ের কোন্ কাব্যগ্রন্থের ভূমিকা হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় লিখে দিয়েছিলেন ?

(e) 'কাবুলিওয়ালা' গল্পের রহমত প্রতিবছর কখন দেশে ফিরে যেত ?

(f) 'কাবুলিওয়ালা' গল্পের মিনির বয়স কত ছিল ?

2. অনধিক ৫০টি শব্দে নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনো **ছয়টি**) : 2×6=12

(a) কে 'কাবুলিওয়ালা' গল্পে কাককে কি বলেছিল ?

(b) বিনুর স্বামী বিনুকে কোথায় এবং কেন নিয়ে গিয়েছিল ?

(c) ভারতচন্দ্রের কোন্ কাব্যকে, কে 'রাজকণ্ঠের মণিমালা' বলেছিলেন ?

(d) সন্ধি করুন :

নৌ + ইক, চর + অচর।

(e) হইতে, থেকে ইত্যাদি কোন্ বিভক্তির চিহ্ন এবং দ্বারা, দিয়া, কর্তৃক কোন্ বিভক্তির চিহ্ন, লিখুন।

(f) নিম্নলিখিত বাগ্‌ধারাগুলোর ব্যঞ্জনার্থসহ বাক্যরচনা করুন :

(১) অকাল কুষ্মাণ্ড

(২) একাদশে বৃহস্পতি

(g) ''মাগো। ভোলা এত মিছিমিছি বকতে পারে।'' বক্তা কে ? কাকে সে এ কথা বলেছিল ?

(h) ''মামা বলিয়াছিলেন, 'স্কুলের ছুটি হোক'।'' মামা কে ? কাকে তিনি এ কথা বলেছিলেন ?

3. অনধিক ১০০টি শব্দে নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনো **চারটি**) : 4×4=16

(a) 'ফাঁকি' কবিতায় কে, কিভাবে ফাঁকি দিয়েছে তা স্পষ্ট করুন।

(b) 'ধরায় দেবতা চাহি' কবিতাটির ভাবার্থ নিজের ভাষায় লিখুন।

(c) খুল্লনার মনোকষ্টের কারণ কী ? তিনি কিভাবে তাঁর কষ্টের কথা বর্ণনা করেছেন ?

(d) রহমতের পিতৃহৃদয়ের উন্মোচন কিভাবে হল তা বুঝিয়ে লিখুন।

(e) কর্তৃকারক ও করণ কারক কাকে বলে ? তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

(f) ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করুন :

Long ago in India there was a good king. His name was Shivi. No one went away from him with empty hands. The good name of Shivi spread far and wide reached the Gods also.

4. অনধিক ১৫০টি শব্দে নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোনো **দুটি**) : 5×2=10

(a) সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন :

''আশ্বিন মাসেতে প্রভু জগৎ সুখময়।
দুর্গার আনন্দ হেতু নাহি চিন্তাভয়॥
বীণা বাঁশি বাজায় কেহ কেহ গায় গীত।
সতিনীর ভরে আমি সদাএ চিন্তিত॥''

(b) 'ছুটি' গল্পের ফটিক চরিত্রটি আলোচনা করুন।

(c) টীকা লিখুন :

মাখনলাল, বিশ্বম্ভর বাবু।

5. যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করুন (অনধিক ৩০০ শব্দের ভিতরে) : 8

(a) জনসেবা ও ছাত্রসমাজ

(b) অসমের বন্যা ও তার প্রতিকার

★ ★ ★